

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৯৫১(আগরতলা ২৫।০৫)

জিরানীয়া, ২৫ মে, ২০২৩

পশ্চিম ত্রিপুরা জেলাভিত্তিক বিশ্ব তামাক মুক্ত দিবস
জিরানীয়া মহকুমায় প্রস্তুতি সভা

পশ্চিম ত্রিপুরা জেলাভিত্তিক বিশ্ব তামাক মুক্ত দিবস আগামী ৩১ মে জিরানীয়া মহকুমায় অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে আজ জিরানীয়া মহকুমা শাসক কার্যালয়ের কনফারেন্স হলে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জিরানীয়া নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন রতন কুমার দাস। সভায় সিদ্ধান্ত নেওয়া হয় বিশ্ব তামাক মুক্ত দিবস উদযাপন উপলক্ষে জিরানীয়ার অগ্নিবীণা হলে আগামী ৩১ মে এক সচেতনতামূলক অনুষ্ঠানের আয়োজন করা হবে। তাছাড়া অনুষ্ঠিত হবে তামাক বিরোধী সচেতনতামূলক র্যালি। সভায় উপস্থিত ছিলেন জিরানীয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান মঞ্জু দাস, জিরানীয়া নগর পঞ্চায়েতের ভাইস চেয়ারপার্সন রীতা দাস, পশ্চিম ত্রিপুরা জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা. দেবাশিস দাস, জিরানীয়া মহকুমার মহকুমা শাসক শান্তিরঞ্জন চাকমা, অতিরিক্ত মহকুমা শাসক সুশান্ত দেববর্মা, পুরাতন আগরতলা ব্লকের বিডিও শায়েরী বণিক, জিরানীয়া সামাজিক স্বাস্থ্য কেন্দ্রের আধিকারিক ডা. রিজিনা রাজ্জল, তথ্য ও সংস্কৃতি দপ্তরের এসআইও গৌতম দাস প্রমুখ।
